

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮১৩

আগরতলা, ২২ জুন, ২০২২

ঘোষ পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

কমলপুর বিএসএম মহকুমা হাসপাতালের আওতাধীন শ্রীরামপুর হেলথ এন্ড ওয়েলন্যাস সেন্টারের অন্তর্গত ঘোষ পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৬ জুন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে কমিউনিটি হেলথ অফিসার শিল্পী শুরু দাস শিশুদের নিয়মিত টিকাকরণের উপকারিতা, শিশুর জন্মের পর মায়ের বুকের দুধ পান করানোর গুরুত্ব নিয়ে আলোচনা করেন। তাছাড়া এমপিডব্লিও তন্ময় দেবনাথ গর্ভবতী মায়ের কমপক্ষে চারটি এএনসি চেক আপ করানো, মায়ের আয়রন ফলিক অ্যাসিড টেবলেট খাওয়ানো, ডায়ারিয়া, ডেঙ্গু, ম্যালেরিয়া প্রতিরোধের উপায় নিয়ে পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে এলাকার অঙ্গনওয়াড়িকর্মী ও আশাকর্মী রীতা রায় উপস্থিত ছিলেন। এই কর্মসূচিতে এদিন মোট ১৭ জন মা ও শিশু অংশগ্রহণ করেন। তাঁদের সবাইকে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
